অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সুপারস্টর্ম স্যান্ডির দশ বছর পূর্তির প্রাক্কালে, জলবায়ুর পরিবর্তন থেকে নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখার জন্য স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক নতুন অফিস সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নতুন, স্থায়ী স্টেটব্যাপী অফিস নিউ ইয়র্কের দেশের-নেতৃস্থানীয় কমিউনিটি পুনরুদ্ধার ও স্থিতিশীলতা প্রচেষ্টা অব্যাহত রাখবে

10-বছর পূর্তির প্রতিবেদন প্রকাশ যা সুপারস্টর্ম স্যান্ডি থেকে পুনরুদ্ধারের বিষয়ে আজ পর্যন্ত গভর্নরের ঝড় থেকে পুনরুদ্ধার অফিসের অগ্রগতির বিস্তারিত বিবরণ প্রদান করে

চরম আবহাওয়ায় বিদ্যুৎ বিভ্রাট থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার জন্য 10 বছরে বৈদ্যুতিক গ্রিডে 19 বিলিয়ন ডলার বিনিয়োগের ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্কের আবাসন পুনরুদ্ধার এবং কমিউনিটির স্থিতিশীলতা প্রচেষ্টায় নেতৃত্ব দেওয়ার জন্য স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক একটি নতুন অফিস (Office of Resilient Homes and Communities) তৈরির ঘোষণা দেওয়ার মাধ্যমে আজ সুপারস্টর্ম স্যান্ডির 10 বছর পূর্তি পালন করেছেন। আবাসন ও কমিউনিটি বিষয়ক নতুন অফিস গভর্নরের ঝড় থেকে পুনরুদ্ধারের অফিসের কাজের উপর ভিত্তি করে তৈরি হবে, যা 2013 সালে সুপারস্টর্ম স্যান্ডি থেকে স্টেটের দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার পরিচালনা করার জন্য এবং 2013 সালের দুর্যোগে ত্রাণ বরাদ্দ আইন দ্বারা প্রদত্ত ফেডারেল দুর্যোগ পুনরুদ্ধার তহবিলের 4.5 বিলিয়ন ডলার ব্যয় তত্ত্বাবধান করার জন্য তৈরি করা হয়েছিল। হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) মধ্যে একটি স্থায়ী অফিস হিসেবে আবাসন ও কমিউনিটি বিষয়ক অফিস, গভর্নরের ঝড় থেকে পুনরুদ্ধার অফিসের পোর্টফোলিও গ্রহণ করবে এবং স্টেটের দুর্যোগে-সাড়াদান সংস্থার অংশীদার হবে যাতে আবাসন ও কমিউনিটির দীর্ঘমেয়াদী পুনরুদ্ধারে নেতৃত্ব দেওয়া যায় এবং স্টেট জুড়ে স্থিতিশীলতার উদ্যোগ ও কৌশলের একটি পাইপলাইন তৈরি করা যায়।

"স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক নতুন অফিসের মাধ্যমে, আমরা আগামী প্রজন্মের জন্য নিউ ইয়র্ককে সুরক্ষিত রাখা ও শক্তিশালী করার দিকে একটি বড় পদক্ষেপ নিচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "দশ বছর আগে, সুপারস্টর্ম স্যান্ডি আমাদের উপকূলে আঘাত

হেনেছিল এবং অগণিত নিউ ইয়র্কবাসীর জীবন, বাড়ি ও ব্যবসায়ের অবসান ঘটিয়েছিল, কিন্তু আমাদের সাহসী প্রথম সাড়াদানকারী, শক্তিশালী কমিউনিটি-নেতৃত্বাধীন পরিকল্পনা এবং ব্যতিক্রমী অংশীদারিত্বের কল্যাণে নিউ ইয়র্কের বিস্ময়কর পুনরুদ্ধার ঘটেছিল। আমার প্রশাসন ভবিষ্যতে বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুত হতে আমাদের দেশের-নেতৃত্বস্থানীয় প্রচেষ্টা চালিয়ে যাবে, এবং আমি একটি উন্নত, শক্তিশালী, এবং আরো স্থিতিশীল নিউ ইয়র্ক তৈরি করতে কমিউনিটি, অংশীদার সংস্থা এবং স্থানীয়, স্টেট ও ফেডারেল কর্মকর্তাদের সাথে কাজ করার জন্য অধীর আগ্রহী।"

এছাড়াও গভর্নর 10 বছর পূর্তির একটি প্রতিবেদন প্রকাশ করেছেন, যেখানে সুপারস্টর্ম স্যান্ডি থেকে পুনরুদ্ধার প্রচেষ্টার বিষয়ে GOSR-এর অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানানো হয়েছে। সামগ্রিকভাবে, GOSR এর নির্দেশনার অধীনে, U.S. ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্টের (Department of Housing and Urban Development, HUD) কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট - দুর্যোগ পুনরুদ্ধার (Community Development Block Grant - Disaster Recovery, CDBG-DR) কর্মসূচির মাধ্যমে স্টেট এর 4.5 বিলিয়ন ডলার বরাদ্দের 91 শতাংশ ব্যয় করেছে এবং নিউ ইয়র্ক জুড়ে 11,000 এর বেশি আবাসন পুনরুদ্ধার ও স্থিতিশীলতা প্রকল্প সম্পন্ন করেছে এবং 1,000 টিরও বেশি ছোট ব্যবসাকে সহায়তা প্রদান করেছে। গত দশ বছরে লং আইল্যান্ডে বিনিয়োগ করা 4.9 বিলিয়ন ডলার সহ নিউ ইয়র্কবাসীদের চরম আবহাওয়াজনিত বিদ্যুৎ বিভ্রাট থেকে রক্ষা করার জন্য স্টেট বৈদ্যুতিক গ্রিডে 19 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে।

গভর্নর হোকল প্রথম তার স্টেট অফ দ্য স্টেট (State of the State) ঘোষণায় একটি স্থায়ী স্থিতিশীলতা সত্তা প্রতিষ্ঠার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন। নতুন স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক অফিস GOSR এর কাজের উপর ভিত্তি করে তৈরি হবে এবং নিউ ইয়র্কের পরিবারগুলোকে সহায়তা করার জন্য নিম্নলিখিতভাবে গভর্নরের প্রতিশ্রুতি পূরণ করবে যারা এখনো সুপারস্টর্ম স্যান্ডির ফলে প্রভাবিত হচ্ছে:

- **নিউ ইয়র্কবাসী ও কমিউনিটির সাথে সরাসরি কাজ করা** বিপর্যয়ের আগে ও পরে, স্কেলযোগ্য ও কার্যকর কর্মসূচি মডেল ব্যবহার করে যা বাড়ির মালিকদের 3,000 টিরও বেশি বাড়ির উচ্চতা বৃদ্ধিসহ 11,000 এরও বেশি মেরামত এবং বন্যা প্রশমন প্রকল্প সম্পন্ন করতে সহায়তা করে।
- **নিরবচ্ছিন্ন রূপান্তর কার্যকর করা** তাৎক্ষণিক সাড়াদান থেকে দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার পর্যন্ত, ভবিষ্যত স্থিতিশীলতার ক্ষেত্রে পুনরুদ্ধার প্রক্রিয়ায় দীর্ঘমেয়াদী পরিকল্পনা অন্তর্ভুক্ত করে।
- **নিউ ইয়র্কবাসীদের জন্য সমতাকে এগিয়ে নিয়ে যাওয়া** যারা দুর্যোগের ঝুঁকিতে আছেন, নিউ ইয়র্কের উচ্চাভিলাষী জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের ন্যায়সঙ্গত বাস্তবায়ন পরিচালনা করার জন্য নিউ ইয়র্কের ক্লাইমেট জাস্টিস ওয়ার্কিং গ্রুপ কর্তৃক চিহ্নিত সুবিধাবঞ্চিত কমিউনিটির মানদণ্ডের উপর জোর দেওয়ার মাধ্যমে।

স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক অফিসের এক্সিকিউটিভ ডিরেক্টর কেটি ব্রেনান বলেন, "পরবর্তী তীব্র বিরূপ আবহাওয়া যেকোনো সময় দেখা দিতে পারে, দেখা দিবে কিনা এমন কোনো প্রশ্ন নেই। আমরা স্থায়ীভাবে আমাদের পুনরুদ্ধার ও স্থিতিশীলতার কাজ চালিয়ে যেতে এবং আমাদের অর্জনের উপর ভিত্তি করে গড়ে তুলতে আগ্রহী। আমরা চরম আবহাওয়াজনিত ঘটনার আগে, ঘটনা চলাকালীন সময়ে ও পরে নিউ ইয়র্কবাসীদের সাথে কাজ করার জন্য আমাদের সক্ষমতাকে শক্তিশালী করবো এবং সেইসাথে সমতা ও ঝুঁকিতে থাকা কমিউনিটির কাছ থেকে সরাসরি প্রতিক্রিয়াকে অগ্রাধিকার দেবো। কমিউনিটির স্থিতিস্থাপকতা সম্পর্কে আপনার দূরদর্শী দৃষ্টিভঙ্গির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "হারিকেন স্যান্ডি নিউ ইয়র্কের কিছু অংশে ধ্বংস লীলা চালানোর পর থেকে দশ বছরে, চরম আবহাওয়াজনিত ঘটনা এবং বৈশ্বিক উষ্ণতা আমাদের কমিউনিটির সুরক্ষার জন্য যে ঝুঁকি তৈরি করে তা আমাদের বার বার মনে করিয়ে দেওয়া হয়েছে। আজ, নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় জাতীয় নেতৃত্ব দিচ্ছে এবং নতুন স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক অফিস নিশ্চিত করবে যাতে আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ ও উপযুক্ত আবাসন তৈরির দিকে মনোনিবেশ করি, পাশাপাশি আমাদের কমিউনিটিকে আরো বাসযোগ্য ও স্থিতিশীল করে তুলি। স্টেটের আবাসন, অবকাঠামো এবং সামগ্রিক প্রস্তুতিতে গভর্নর হোকলের অভূতপূর্ব বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই, আমরা নিউ ইয়র্কের জন্য আরো টেকসই ভবিষ্যত তৈরির পথে রয়েছি।"

DEC কমিশনার ও ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) সহ-সভাপতি বাসিল সেগোস বলেন, "সুপারস্টর্ম স্যান্ডির মতো জলবায়ুজনিত চরম আবহাওয়াজনিত ঘটনা ও ঝড় চলে যাচ্ছে না এবং DEC কমিউনিটির স্থিতিশীলতা বৃদ্ধি, দৃঢ় অবকাঠামো এবং আমাদের প্রাকৃতিক সম্পদ উন্নত করার জন্য সরকারের সকল স্তর থেকে আমাদের অনেক অংশীদারের সাথে অগণিত অর্জনের অংশ হতে পেরে গর্বিত। গভর্নর হোকলের চলমান নেতৃত্বের অধীনে, DEC এই পুনরুদ্ধার অব্যাহত রাখা, প্রমাণিত ফলাফলের সাথে পুনর্নির্মাণ করা যা জলবায়ুর প্রভাব মোকাবেলা করতে সহায়তা করে এবং পরবর্তী বড় ঝড়ের আঘাতের সময় কমিউনিটি যাতে আরো ভালভাবে প্রস্তুত থাকে তা নিশ্চিত করার জন্য আগ্রহী।"

রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি ডব্লিউ. মিকস বলেন, "আমরা 10 বছর আগে সুপারস্টর্ম স্যান্ডির কারণে হারিয়ে যাওয়া জীবন এবং এটি নিউ ইয়র্ককে, বিশেষ করে রকওয়েতে যে ধ্বংসযজ্ঞ চালিয়েছে তা স্মরণ করার জন্য কিছুক্ষণ নীরবতা পালন করি। যদিও নিউ ইয়র্ক পুনর্নির্মাণে অনেক অগ্রগতি করেছে, তবে আরো কাজ করা বাকি রয়েছে। আমি গভর্নরকে তার নেতৃত্ব এবং পুনরুদ্ধার ও স্থিতিশীলতা অফিস তৈরির জন্য ধন্যবাদ জানাই। আমাদের স্টেটের অবকাঠামো উন্নয়নের জন্য গভর্নর হোকলের সাথে এবং সকল স্তরে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য আমি আগ্রহী।"

স্টেট সিনেটর জোসেফ অ্যাডাবো বলেন, "দশ বছর আগে, সুপারস্টর্ম স্যান্ডি নিউ ইয়র্ক লন্ডভণ্ড করে এবং ব্যাপক ক্ষতির চিহ্ন রেখে যায়। আমাদের আশেপাশের ঘরবাড়ি ধ্বংস হয়ে গিয়েছিল, ব্যবসা-বাণিজ্য ধ্বংস হয়েছিল, পাবলিক প্লেস অচেনা হয়ে গিয়েছিল এবং প্রাণহানী ঘটেছিল। এটি আমাদের কমিউনিটির জন্য সত্যিই একটি ভয়ানক অভিজ্ঞতা ছিল, এবং আমরা এখনো আজ পর্যন্ত ঝড়ের প্রভাব অনুভব করতে পারি। এক দশক পিছনে ফিরে তাকালে, ঝড়ের পরের দিন, সপ্তাহ ও মাস সম্পর্কে আমার যা সবচেয়ে বেশি মনে আছে তা হলো আমরা সবাই ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য একটি কমিউনিটি হিসেবে একত্রিত হয়েছিলাম। ঝড়ের পর থেকে, আমাদের উপকূলীয় কমিউনিটিকে শক্তিশালী করার জন্য আমরা স্টেট পর্যায়ে কাজ করেছি এবং আমাদের জলসীমায় ঝড় প্রশমন ব্যবস্থা বাস্তবায়নের জন্য কাজ করছি যাতে পরবর্তী ঝড় আঘাত হানার সময় আমরা প্রস্তুত থাকি। এছাড়াও, আমরা জলবায়ু পরিবর্তনের প্রভাব কমাতে সাহায্য করার জন্য একটি পরিচ্ছন্ন জ্বালানি স্টেট হওয়ার লক্ষ্যে কাজ করছি। সেই দিনটি এবং আমরা যে ক্ষতির মুখোমুখি হয়েছিলাম তা আমি কখনোই ভুলবো না, তবে আমাদের কমিউনিটির একে অপরের পাশে দাঁড়ানোর এবং আরো শক্তিশালী হয়ে ফিরে আসার শক্তিও আমি কখনোই ভুলবো না। আমি সত্যিই গভর্নর হোকলের প্রচেষ্টার প্রশংসা করি, যেহেতু স্টেট নবগঠিত স্থিতিশীল আবাসন ও কমিউনিটি বিষয়ক অফিসের সাথে GOSR কর্তৃক করা কাজের উপর ভিত্তি করে জলবায়ু পরিবর্তন এবং ভবিষ্যতের ঝড়ের প্রভাব মোকাবেলায় প্রস্তুত থাকার জন্য সজাগ রয়েছে।"

অ্যাসেম্বলি সদস্য স্ট্যাসি ফেফার আমাটো বলেন,, "গভর্নরের ঝড় থেকে পুনরুদ্ধার এবং স্থিতিশীলতা অফিস তৈরি করাটা আমাদের কমিউনিটির জন্য একটি চমৎকার খবর। হারিকেন স্যান্ডির পরের দশককে স্মরণ করার সময়, আমরা কতদূর এসেছি এবং আমরা কতটা স্থিতিশীলতা দেখিয়েছি তা মনে রাখা খুব গুরুত্বপূর্ণ, বিশেষ করে সাউথ কুইন্সে। যদিও আমরা পুনর্নির্মাণ করেছি তবে আরো কাজ করতে হবে এবং এই নতুন অফিস ঝড় থেকে পুনরুদ্ধারের সকল প্রচেষ্টায় নির্দেশনা এবং আমাদের অব্যাহত সাফল্য নিশ্চিত করতে সাহায্য করার প্রতিশ্রুতিকে দৃঢ় করে তোলে।"

কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভ্যান রিচার্ডস বলেন, "এটা বিশ্বাস করা কঠিন যে সুপারস্টর্ম স্যান্ডি এখানে কুইন্সে এবং স্টেট জুড়ে কমিউনিটি ধ্বংস করার পর 10 বছর পার হয়ে গেছে। কিন্তু যেহেতু জলবায়ু পরিবর্তন তার কুৎসিত চেহারা দেখিয়ে বেড়াচ্ছে, আমাদের সবাইকে অবশ্যই এই বিশ্বাস নিয়ে কাজ করতে হবে যে আমাদের ভবিষ্যতে স্যান্ডির মতো আরো ঝড় অপেক্ষা করছে। এই নতুন স্থায়ী স্টেট অফিস তৈরি হওয়ার সাথে সাথে, আমি বিশ্বাস করি যে প্রকৃতি মা আমাদের দিকে যা ছুড়ে দিতে পারে তার সবচেয়ে খারাপটি মোকাবেলা করার জন্য নিউ ইয়র্ক আগের চেয়ে আরো বেশি প্রস্তুত থাকবে," বলেছেন কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভ্যান রিচার্ডস জুনিয়র। "নিউ ইয়র্ককে প্রতিকূলতার মুখে আমাদের সহনশীলতার মাধ্যেমে সংজ্ঞায়িত করা হয়। সবসময় এই অবস্থা বজায় থাকবে এটা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কাটজ বলেন, "সুপারস্টর্ম স্যান্ডি কুইন্স কাউন্টিতে অভূতপূর্ব বিপর্যয় নিয়ে এসেছিল। এই 10 বছর পূর্তিতে, আমরা যাদের হারিয়েছি তাদের স্মরণ করছি এবং যাদের জীবন ঝড়ের ফলে চিরতরে পরিবর্তিত হয়েছে তাদের প্রত্যেকের ধৈর্যকে

স্বীকৃতি দিচ্ছি। দুর্ভাগ্যবশত, জলবায়ু পরিবর্তনের প্রভাবের কারণে চরম আবহাওয়া আরো ঘন ঘন দেখা দিচ্ছে, এবং আমাদের নেইবারহুডগুলো রক্ষা করার জন্য আমাদেরকে অবশ্যই আরো ভালো, শক্তিশালী অবকাঠামো নির্মাণ করা চালিয়ে যেতে হবে। গভর্নর হোকলের নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট ঝড়ের পুনরুদ্ধার এবং উপকূলীয় স্থিতিশীলতা প্রচেষ্টায় নেতৃত্ব দিচ্ছে এবং আজ ঘোষিত নতুন স্টেট সত্তা আমাদেরকে নিরাপদ ও সমৃদ্ধশীল রাখতে সাহায্য করবে।"

রেভারেন্ড ড. লেসলি মুলিংস বলেন, "সুপারস্টর্ম স্যান্ডির ধ্বংসলীলার ফলে আমাদের কমিউনিটি অনন্যভাবে বিধ্বস্ত হয়েছিল এবং পুনর্নির্মাণ প্রক্রিয়া সহজ ছিল না। তবুও আমরা গভর্নর ক্যাথি হোকলের মতো নেতা পেয়ে ধন্য, যিনি আমাদের কমিউনিটির প্রতি তার প্রতিশ্রুতিকে দিনের আলোর মতো পরিষ্কার করে দিয়েছেন। আমরা অক্টোবর 2012 এর ভয়াবহতা এবং যাদের আমরা হারিয়েছি তাদের স্মরণ করার সাথে সাথে, স্থিতিশীলতা, পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের জন্য লড়াইয়ে নিজেদেরকে পুনরায় প্রতিশ্রুতিবদ্ধ করি।"

10 বছর পুর্তির প্রতিবেদনটি নিউ ইয়র্কের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নিম্নলিখিত অঞ্চলে GOSR এর সম্পাদিত ও চলমান স্থিতিশীলতা বিষয়ক উদ্যোগগুলোর ব্যাপক পর্যালোচনা প্রদান করে।

আবাসন পুনরুদ্ধার

সদ্য-সম্পন্ন হোমওনার কর্মসূচি 11,000 এরও বেশি আবাসন পুনরুদ্ধার এবং স্থিতিশীলতা প্রকল্পের সমাপ্তিকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কবাসীদের সরাসরি 1.27 বিলিয়ন ডলার প্রদান করেছে, যার মধ্যে 3,500টি বাড়ির উচ্চতা বৃদ্ধি এবং 400টিরও বেশি পুনর্নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে।

NY রাইজিং বাইআউট কর্মসূচি (NY Rising Buyout Program) ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়া 615টি সম্পত্তি সফলভাবে প্রকৃতিতে ফিরিয়ে দিয়েছে — এর মধ্যে রয়েছে স্ট্যাটেন আইল্যান্ডে 423টি, লং আইল্যান্ডে 130টি এবং আপস্টেটে 62টি — এগুলো প্রাকৃতিক উপকূলীয় বাফার হিসেবে কাজ করবে যা পার্শ্ববর্তী কমিউনিটিগুলোকে স্থায়ীভাবে রক্ষা করবে।

এই ঐচ্ছিক কর্মসূচি সেইসব নিউ ইয়র্কবাসীকে 276 মিলিয়ন ডলার প্রদান করেছে যারা স্থানান্তর করতে চেয়েছেন এবং পুনর্নির্মাণ করতে চাননি, এবং সেইসাথে স্টেটের ভবিষ্যত স্থায়িত্বের জন্য কৌশলগত বিনিয়োগ করতে চেয়েছেন। প্রাকৃতিক অঞ্চলগুলো বৃষ্টির পানি শোষণ করে এবং বন্যা হ্রাস করে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইয়ে নিতে সাহায্য করে। এছাড়াও এগুলো বায়ুমণ্ডল থেকে কার্বন কমাতে, দূষণ কমাতে এবং বায়ুর গুণমান উন্নত করতে সাহায্য করে। এ পর্যন্ত, এই কর্মসূচি স্ট্যাটেন আইল্যান্ডের সামুদ্রিক দেয়াল প্রকল্প, স্ট্যাটেন আইল্যান্ড ইয়ুথ সকার লিগ, লং আইল্যান্ডের বিভিন্ন স্থানীয় অংশীদারদের জন্য জমির ব্যবস্থা করেছে।

কমিউনিটি পুনর্নির্মাণ ও অবকাঠামো

GOSR এর NY রাইজিং কমিউনিটি রিকনস্ট্রাকশন কর্মসূচি কমিউনিটিগুলোর মধ্যে দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার ও স্থিতিশীলতা প্রক্রিয়ায় স্থানীয় স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করেছে এবং সুপারস্টর্ম

স্যান্ডি, হারিকেন আইরিন ও ট্রপিক্যাল স্টর্ম লি এর পরে তাদের নির্দিষ্ট চাহিদা ও সম্পদের উপর আলোকপাত করে এমন প্রকল্প প্রস্তাব তৈরিতে সাহায্য করেছে।

এ পর্যন্ত, এই কর্মসূচি 200টিরও বেশি স্থিতিশীলতা প্রকল্প এবং স্টেট জুড়ে মোট 306 মিলিয়ন ডলারের কর্মসূচি সম্পন্ন করার জন্য স্টেট, স্থানীয় ও অলাভজনক উপ-গ্রহীতা অংশীদারদের সাথে কাজ করেছে, বর্তমানে 80টিরও বেশি নির্মাণ পর্যায়ে রয়েছে। 625 মিলিয়ন ডলারের এই কর্মসূচি কমিউনিটিকে ভবিষ্যত ঝড়ের সাড়াদানে প্রতি সাহায্য করে চলেছে, যা আমাদের জলবায়ু পরিবর্তনের সাথে সাথে আরো ঘন ঘন ঘটছে।

রকওয়েজ এবং ব্রিজি পয়েন্টে তৈরি করা NY রাইজিং কমিউনিটি পুনর্নির্মাণ প্রকল্পে 45.5 মিলিয়ন ডলার বিনিয়োগের বিষয়টি গভর্নর তুলে ধরেছেন, যার মধ্যে রয়েছে এখন সম্পন্ন হওয়া:

1. ফার রকওয়েতে অলাভজনক ও কর্মশক্তি উন্নয়ন কর্মসূচির জন্য 1.3 মিলিয়ন ডলারের প্রস্তুতি প্রশিক্ষণ
2. 2.4 মিলিয়ন ডলারের ব্যাক-আপ পাওয়ার এবং ফার রকওয়েতে গুরুত্বপূর্ণ কমিউনিটি ফ্যাসিলিটিতে স্থিতিশীলতা উন্নয়ন - ইয়ং ইসরাইল অফ ওয়েভক্রেস্ট এবং বেইজওয়াটার, অ্যাডাবো হেলথ সেন্টার এবং সেন্ট জন'স এপিস্কোপাল হসপিটাল
3. 4.5 মিলিয়ন ডলারের ডাউনটাউন ফার রকওয়ে স্ট্রিটস্কেপ, যা পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নতি করে এবং ডাউনটাউনকে আরো হাঁটার যোগ্য ও অ্যাক্সেসযোগ্য করে তোলে
4. ব্রিজি পয়েন্ট কমিউনিটি জুড়ে 11.7 মিলিয়ন ডলারের পানি নিষ্কাশন এবং বৃষ্টির পানি ব্যবস্থাপনা
5. অবকাঠামো কর্মসূচির মাধ্যমে, স্টেট মোট 218.4 মিলিয়ন ডলারের 12টি বড় আকারের প্রকল্প সম্পন্ন করেছে।

রিবিল্ড বাই ডিজাইন (Rebuild by Design)

2014 সালের জুনে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (HUD) তাদের উদ্ভাবনী রিবিল্ড বাই ডিজাইন প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করেএকটি প্রতিযোগিতা যা ইন্টারডিসিপ্লিনারি পরিকল্পনা, নকশা ও প্রকৌশল সংস্থাকে পুনরুদ্ধার ও স্থিতিশীলতা প্রচেষ্টার জন্য ব্লুপ্রিন্ট তৈরি করতে উৎসাহিত করে।

125 মিলিয়ন ডলারের লিভিং উইথ দ্য বে (Living with the Bay) উদ্যোগের লক্ষ্য হলো নাসাউ কাউন্টির মিল নদী বরাবর কমিউনিটির স্থিতিশীলতা বৃদ্ধি করা, ঝড়ের আঘাত থেকে ক্ষতি কমিয়ে আনা, বৃষ্টির পানি আরো ভালোভাবে ব্যবস্থাপনা করা, আবাসস্থল ও পানির মান উন্নত করা এবং শিক্ষাগত ও বাড়তি বিনোদনমূলক সুযোগ উভয়ের মাধ্যমে মিল নদীতে অ্যাক্সেস বাড়ানো।

GOSR আটটি লিভিং ব্রেকওয়াটারের মধ্যে প্রথম দুইটি সম্পন্ন করেছে, এটি হলো স্ট্যাটেন আইল্যান্ডের টোটেনভিলের উপকূলে 107 মিলিয়ন ডলারের একটি প্রকল্প। লিভিং ব্রেকওয়াটার (Living Breakwaters) একটি উদ্ভাবনী উপকূলীয় সবুজ অবকাঠামো প্রকল্প যা ঝড়ের আঘাত থেকে ক্ষয় ও ক্ষতি হ্রাস বা বিপরীত করার জন্য ডিজাইন করা হয়েছে, রারিটান বে এর বাস্তুতন্ত্রের স্বাস্থ্যের উন্নতি ঘটায় এবং আমাদের উপকূলবর্তী জলভাগ পর্যবেক্ষণ করতে উৎসাহিত করে এবং সাধারণত সাদার্ণ স্ট্যাটেন আইল্যান্ডের উপকূলের লোকজনের অভিজ্ঞতাকে উন্নত করে।

ক্ষুদ্র ব্যবসার জন্য সহায়তা

সদ্য সম্পন্ন হওয়া NY রাইজিং স্মল বিজনেস (NY Rising Small Business) কর্মসূচি স্টেট জুড়ে ঝড়ের দ্বারা প্রভাবিত হওয়া ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য মেরামত, পুনর্নির্মাণ এবং পরিচালনার জন্য মূলধন সুবিধা দিয়েছে — স্টেটের অর্থনীতিতে ব্যবসাগুলো যে বড় ভূমিকা পালন করে তার স্বীকৃতি দেয়। কর্মসূচিটি 1,000 এরও বেশি ছোট ব্যবসাকে 52 মিলিয়ন ডলারের বেশি সরবরাহ করেছে।

সম্পূর্ণ প্রতিবেদন GOSR এর ওয়েবসাইটে পাওয়া যাবে: www.storm-recovery.org

ঝড়ের প্রতি সহনশীলতা এবং বৈদ্যুতিক গ্রিড শক্তিশালীকরণের ক্ষেত্রে অগ্রগতি

10 বছর পূর্তির প্রতিবেদনের পাশাপাশি গভর্নর হোকল ঘোষণা করেছেন যে স্টেট গত এক দশকে ইলেকট্রিক গ্রিড শক্তিশালী করার জন্য 19 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। এ পর্যন্ত বিনিয়োগের মধ্যে রয়েছে ঝড়ের বিরুদ্ধে শক্তিশালীকরণ, স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতার জন্য উদ্যোগ এবং গাছপালা ব্যবস্থাপনা।

- লং আইল্যান্ডের বৈদ্যুতিক গ্রিডে 4.9 বিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে, ঝড়ের জন্য প্রস্তুতি উন্নত করেছে এবং এর ফলে গ্রাহকদের বিদ্যুৎ বিভ্রাটের সম্মুখীন হওয়া 35% হ্রাস পেয়েছে।
- ঝড়ের বিরুদ্ধে শক্তিশালীকরণ এবং 500-বছরের বন্যা সীমার উপরে তিনটি রকওয়ে সাবস্টেশন (আরভার্ন, ফার রকওয়ে, ও রকওয়ে বিচ সাবস্টেশন) উঁচু করার জন্য 49 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে।
- 10 মিলিয়ন ডলারের আরো শক্তিশালী বৈদ্যুতিক খুঁটি ও তার ইনস্টল করা সহ আটটি রকওয়ে বিতরণ সার্কিট ঝড়ের বিরুদ্ধে শক্তিশালীকরণ, এবং পড়ে যাওয়া গাছের ডাল থেকে ক্ষতি সীমিত করার জন্য পুনরায় ডিজাইন করা ন্যারো প্রোফাইল স্থাপন করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্বের ভিত্তিতে, U.S আর্মি কোর অফ ইঞ্জিনিয়ার্স 600 মিলিয়ন ডলারের রকওয়ে ও জ্যামাইকা বে উপকূলীয় ঝড়ের ঝুঁকি হ্রাস

প্রকল্পকে এগিয়ে নিয়ে যাচ্ছে, যার মধ্যে রকওয়ে পেনিনসুলার আটলান্টিক ও জ্যামাইকা বে উপকূলে নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে।

- আটলান্টিক উপকূলে, এই প্রকল্পের মধ্যে রয়েছে একটি অভ্যন্তরীণ শিট স্টিল এবং পাথর পুঁতে শক্তিশালী বালির টিলা নির্মাণ, সমুদ্র সৈকতে বালি ধরে রাখার জন্য এবং ঢেউ ভাঙার জন্য 19টি নতুন বা পুনরুজ্জীবিত স্টোন গ্রোইন এবং জনসাধারণের অ্যাক্সেসে সহায়তা করতে টিলা ক্রসিংয়ের জন্য একটি নতুন অবকাঠামো।
- জ্যামাইকা বে-তে, এই প্রকল্পে হ্যামেলস, এজমেয়ার ও আরভার্ন নেইবারহুডের নিচু এলাকাগুলোতে ছোট ও বেশি ঘন ঘন বন্যার ঘটনা থেকে সুরক্ষা প্রদানের জন্য ছোট বাঁধের সিরিজ, ফ্লাডওয়াল এবং অন্যান্য ফিচার অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়াও, পুনরুদ্ধার ও স্থিতিশীলতা প্রকল্পগুলোকে এগিয়ে নেওয়ার জন্য নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড জুড়ে স্টেট ও ফেডারেল বিনিয়োগে 5 বিলিয়ন ডলারেরও বেশি মূল্যমানের প্রকল্প ও অধ্যয়নের সাথে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation) সম্পৃক্ত রয়েছে। প্রাণঘাতী ঝড় ও বন্যার বিরুদ্ধে দীর্ঘমেয়াদী সুরক্ষা প্রদানের জন্য আরো কাজ চলমান রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ও স্থানীয় শীর্ষ প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

- সাউথ শোর ওয়াটার রিক্লেমেশন ফ্যাসিলিটির সহনশীল পুনর্নির্মাণ (830 মিলিয়ন ডলার) - 500-বছরের ঝড়ের সীমা থেকে এটিকে সুরক্ষিত রাখার জন্য সাবেক বে পার্ক বর্জ্য পানি শোধনাগারের সম্পূর্ণ সহনশীল পুনর্নির্মাণ।
- বে পার্ক কনভেয়েন্স প্রজেক্ট (439 মিলিয়ন ডলার) বর্জ্য পানি সমুদ্রে পৌঁছে দেবে, লং আইল্যান্ডের ওয়েস্টার্ন বে-এর প্রাকৃতিক বন্যা সুরক্ষা শক্তিশালী করবে।
- লং বিচ ওয়েস্ট ওয়াটার ইন্টারকানেক্ট (130 মিলিয়ন ডলার) লং বিচে বিদ্যমান বর্জ্য পানি শোধনাগারকে রূপান্তর ও শক্তিশালী করবে।
- সাফোক কাউন্টি উপকূলীয় স্থিতিশীলতা উদ্যোগ (408.8 মিলিয়ন ডলার) ব্যাবিলন, ম্যাস্টিক-শার্লির বাড়িগুলোতে সেপটিক ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নত করছে।
- প্যাচোগ রিভার ওয়াটারশেড প্রকল্প (21 মিলিয়ন ডলার) নাইট্রোজেন নিঃসরণ হ্রাস এবং বন্যার প্রভাব কমিয়ে স্বাস্থ্যকর উপকূলরেখা তৈরি করতে নদীর ওয়াটারশেডে এবং গ্রেট সাউথ বে বরাবর প্রায় 500টি বাড়িকে সংযুক্ত করবে।

সুপারস্টর্ম স্যান্ডি সহ, নিউ ইয়র্ক স্টেট গত এক দশকে 13টি প্রেসিডেন্সিয়াল দুর্যোগের ঘোষণা পেয়েছে। এটি নিউ ইয়র্ককে ক্ষতিগ্রস্ত অবকাঠামো পুনরুদ্ধারের জন্য প্রায় 27 বিলিয়ন ডলারের ফেডারেল সরকারি সহায়তা তহবিল পেতে সক্ষম করেছে, পাশাপাশি দীর্ঘমেয়াদী ঝুঁকি প্রশমন পরিকল্পনা এবং কমিউনিটির স্থিতিশীলতা উন্নত করার লক্ষ্যে প্রকল্পগুলোকে সমর্থন করার জন্য প্রায় 1.4 বিলিয়ন ডলারের ফেডারেল বিপর্যয় প্রশমন তহবিল পেয়েছে।

এই তহবিল দেশের নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services) কর্তৃক পরিচালিত হয়ে থাকে এবং সরাসরি হারিকেন স্যান্ডির ফলে সৃষ্ট প্রত্যক্ষভাবে গুরুত্বপূর্ণ সহনশীলতা ও পুনরুদ্ধার প্রকল্পকে সমর্থন করে, যার মধ্যে রয়েছে:

সরকারি সহায়তা

- **নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃকপক্ষ (NYCHA) (New York City Housing Authority) - 2.9 বিলিয়ন ডলার -** পাঁচটি বরো জুড়ে 35টি ক্ষতিগ্রস্ত হাউজিং কমপ্লেক্স মেরামত, পুনরুদ্ধার, ঝড়ের আঘাত থেকে সুরক্ষা ও প্রশমন ব্যবস্থার জন্য, যার মধ্যে 20টি NYCHA উন্নয়ন রয়েছে যা উঁচু ও বন্যা প্রতিরোধী কাঠামোতে সজ্জিত নতুন হিটিং ও গরম পানির ব্যবস্থা পেয়েছে। এছাড়াও, 201টি ভবনে এখন বিদ্যুৎ বিভ্রাটের ক্ষেত্রে স্থায়ী, পূর্ণ লোড ধারণক্ষম জেনারেটর রয়েছে।
- **লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (LIPA) - 1.4 বিলিয়ন ডলার -** সমগ্র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার গুরুত্বপূর্ণ অবকাঠামো মেরামত ও প্রশমনের জন্য, এর মধ্যে হারিকেন স্যান্ডির সময় ক্ষতিগ্রস্ত হওয়া সাবস্টেশনগুলোতে সরঞ্জাম উন্নত করা বা স্থানান্তরের প্রচেষ্টা এবং ক্ষতিগ্রস্ত ট্রান্সমিশন লাইন শক্তিশালীকরণ অন্তর্ভুক্ত রয়েছে।

বিপর্যয় প্রশমন

- **NY/NJ বন্দর কর্তৃপক্ষ (Port Authority) লাগার্ডিয়া বন্যা নিয়ন্ত্রণ (কুইন্স) - 40.6 মিলিয়ন ডলার -** পূর্ব প্রান্তের বজ্রপাত ভল্ট এবং সাবস্টেশনের চারপাশে ফ্লাডওয়াল তৈরি করতে, সেইসাথে জেনারেটর ইনস্টলেশন এবং স্টর্ম পাম্প স্টেশনকে সহায়তা করার জন্য ড্রেন যুক্ত করতে।
- **NY/NJ বন্দর কর্তৃপক্ষ JFK বিমানবন্দরের টাইড গেট (কুইন্স) - 6.0 মিলিয়ন ডলার -** বিমানবন্দরের উত্তর-পশ্চিম প্রান্তে একাধিক ব্যাকফ্লো প্রতিরোধ ডিভাইস ইনস্টল করতে।
- **সাফোক কাউন্টি উপকূলীয় স্থিতিশীলতা (Suffolk County Coastal Resiliency) উদ্যোগ - 409 মিলিয়ন ডলার -** সেপটিক সিস্টেম এবং সেসপুল থেকে 5,559টি পর্যন্ত পার্সেল অপসারণ করা এবং নতুন সিউয়ার সিস্টেমের সাথে সংযোগ স্থাপনের পাশাপাশি ফোর্জ নদীর ওয়াটারশেডে নতুন, অত্যাধুনিক বর্জ্য পানি পরিশোধন ফ্যাসিলিটি তৈরি করতে।
- **নাসাউ কাউন্টি ওয়েস্টার্ন বে স্থিতিশীলতা প্রকল্প - 532 মিলিয়ন ডলার -** ওয়েস্টার্ন বে-তে পানির গুণমান উন্নত করার জন্য ইতোমধ্যে ঝুকিপূর্ণ অঞ্চলে নাইট্রোজেন বর্জ্যের 90 শতাংশ পর্যন্ত অপসারণ করতে। এই প্রকল্পের মধ্যে রয়েছে বে পার্কে একটি নতুন পাম্প স্টেশন নির্মাণ, বে পার্ক থেকে সানরাইজ হাইওয়ে পর্যন্ত মাইক্রো-টানেলের মাধ্যমে একটি 2-মাইল ফোর্স মেইন স্থাপন, সানরাইজ হাইওয়ে বরাবর একটি 7.3 মাইল অ্যাকুয়েডাক্ট পুনর্নির্মাণ এবং সানরাইজ হাইওয়ে থেকে সিডার ক্রিক পর্যন্ত মাইক্রো-টানেলের মাধ্যমে একটি 1.6-মাইল ফোর্স মেইন স্থাপন করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418